

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

শনিবার, নভেম্বর ২১, ২০১৫

বাংলাদেশ জাতীয় সংসদ

ঢাকা, ৭ অগ্রহায়ণ, ১৪২২/২১ নভেম্বর, ২০১৫

সংসদ কর্তৃক গৃহীত নিম্নলিখিত আইনটি ০৭ অগ্রহায়ণ, ১৪২২ মোতাবেক ২১ নভেম্বর, ২০১৫ তারিখে রাষ্ট্রপতির সম্মতিলাভ করিয়াছে এবং এতদ্বারা এই আইনটি সর্বসাধারণের অবগতির জন্য প্রকাশ করা যাইতেছে :-

২০১৫ সনের ২২ নং আইন

**The Public Servants (Marriage with Foreign Nationals) Ordinance,
1976 রহিতক্রমে উহা পুনঃ প্রণয়নের উদ্দেশ্যে প্রণীত আইন**

যেহেতু সংবিধান (পঞ্চদশ সংশোধন) আইন, ২০১১ (২০১১ সনের ১৪ নং আইন), অতঃপর “পঞ্চদশ সংশোধনী” বলিয়া উল্লিখিত, দ্বারা সংবিধান (পঞ্চম সংশোধন) আইন, ১৯৭৯ (১৯৭৯ সনের ১ নং আইন) বিলুপ্তির ফলে ১৯৭৫ সালের ১৫ আগস্ট হইতে ১৯৭৯ সালের ০৯ এপ্রিল তারিখ পর্যন্ত সময়ের মধ্যে সামরিক ফরমান দ্বারা জারিকৃত অধ্যাদেশসমূহ, অতঃপর “উক্ত অধ্যাদেশসমূহ” বলিয়া উল্লিখিত, অনুমোদন ও সমর্থন (ratification and confirmation) সংক্রান্ত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের চতুর্থ তফসিলের ৩ক ও ১৮ অনুচ্ছেদ বিলুপ্ত হওয়ায় উক্ত অধ্যাদেশসমূহের কার্যকারিতা লোপ পায়; এবং

যেহেতু সিভিল পিটিশন ফর লীভ টু আপীল নং ১০৪৪-১০৪৫/২০০৯ এ সুপ্রীমকোর্টের আপীল বিভাগ কর্তৃক প্রদত্ত রায়ে সামরিক আইনকে অসাংবিধানিক ঘোষণাপূর্বক উহার বৈধতা প্রদানকারি সংবিধান (পঞ্চম সংশোধন) আইন, ১৯৭৯ (১৯৭৯ সনের ১ নং আইন) বাতিল ঘোষিত হওয়ার ফলে উক্ত অধ্যাদেশসমূহের কার্যকারিতা লোপ পায়; এবং

যেহেতু উক্ত অধ্যাদেশসমূহ এবং উহাদের অধীন প্রণীত বিধি, প্রবিধান, উপ-আইন, ইত্যাদি প্রজাতন্ত্রের কর্মের ধারাবাহিকতা, আইনের শাসন, জনগণের অধিকার সংরক্ষণ এবং বহাল ও অক্ষুণ্ণ রাখিবার নিমিত্ত, জনস্বার্থে, উক্ত অধ্যাদেশসমূহের কার্যকারিতা প্রদান করা আবশ্যিক; এবং

(৯০৮১)

মূল্য : টাকা ৪.০০

যেহেতু দীর্ঘ সময় পূর্বে জারিকৃত উক্ত অধ্যাদেশসমূহ যাচাই-বাছাইপূর্বক যথাসময়ে নূতনভাবে আইন প্রণয়ন করা সময় সাপেক্ষ; এবং

যেহেতু পঞ্চদশ সংশোধনী এবং সুপ্রীমকোর্টের আপীল বিভাগের প্রদত্ত রায়ের প্রেক্ষিতে সৃষ্ট আইনী শূন্যতা সমাধানকল্পে সংসদ অধিবেশনে না থাকাবস্থায় আশু ব্যবস্থা গ্রহণের জন্য প্রয়োজনীয় পরিস্থিতি বিদ্যমান ছিল বলিয়া রাষ্ট্রপতির নিকট প্রতীয়মান হওয়ায় তিনি ২১ জানুয়ারি, ২০১৩ তারিখে ২০১৩ সনের ১ নং অধ্যাদেশ প্রণয়ন ও জারি করিয়াছেন; এবং

যেহেতু সংবিধানের ৯৩(২) অনুচ্ছেদের নির্দেশনা অনুযায়ী উক্ত অধ্যাদেশসমূহের মধ্যে কতিপয় অধ্যাদেশ কার্যকর রাখিবার স্বার্থে ১৯৭৫ সালের ১৫ আগস্ট হইতে ১৯৭৯ সালের ৯ এপ্রিল পর্যন্ত সময়ের মধ্যে জারিকৃত কতিপয় অধ্যাদেশ কার্যকরকরণ (বিশেষ বিধান) আইন, ২০১৩ (২০১৩ সনের ০৬ নং আইন) প্রণীত হইয়াছে; এবং

যেহেতু উক্ত অধ্যাদেশসমূহের আবশ্যিকতা ও প্রাসঙ্গিকতা পর্যালোচনা করিয়া যে সকল অধ্যাদেশ আবশ্যিক বিবেচিত হইবে সেইগুলি সকল স্টেক-হোল্ডার ও সংশ্লিষ্ট সকল মন্ত্রণালয় বা বিভাগের মতামত গ্রহণ করিয়া প্রয়োজ্য ক্ষেত্রে সংশোধন ও পরিমার্জনক্রমে বাংলায় নূতন আইন প্রণয়ন করিবার জন্য সরকার সিদ্ধান্ত গ্রহণ করিয়াছে; এবং

যেহেতু সরকারের উপরি-বর্ণিত সিদ্ধান্তের আলোকে The Public Servants (Marriage with Foreign Nationals) Ordinance, 1976 (Ordinance No. LVII of 1976) শীর্ষক অধ্যাদেশটি রহিতক্রমে উহার বিষয়বস্তুর আলোকে নূতনভাবে আইন প্রণয়ন করা সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্বারা নিম্নরূপ আইন করা হইল :—

১। সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন।—(১) এই আইন গণকর্মচারী (বিদেশি নাগরিকের সহিত বিবাহ) আইন, ২০১৫ নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

২। সংজ্ঞা।—বিষয় বা প্রসঙ্গের পরিপন্থি কোন কিছু না থাকিলে, এই আইনে,—

- (ক) “জাতীয়করণকৃত প্রতিষ্ঠান” অর্থ কোন করপোরেশন, ব্যাংকসহ কোন বাণিজ্যিক বা শিল্প প্রতিষ্ঠান যাহার সম্পূর্ণ বা বেশিরভাগ শেয়ার সরকার বা কোন স্থানীয় কর্তৃপক্ষের মালিকানাধীন, নিয়ন্ত্রণাধীন বা উহার নিকট অর্পিত;
- (খ) “বিদেশি নাগরিক” অর্থ এমন কোন ব্যক্তি যিনি বাংলাদেশের নাগরিক নহেন;
- (গ) “বিবাহ” অর্থে আপাতত বলবৎ কোন আইনের অধীন বা কোন ধর্মীয় আচার-অনুষ্ঠানের মাধ্যমে আবদ্ধ বৈবাহিক সম্পর্ক, এবং উহার নিয়মতান্ত্রিক পদ্ধতিসমূহ ও সমজাতীয় অভিব্যক্তিও অন্তর্ভুক্ত হইবে;
- (ঘ) “গণকর্মচারী” অর্থ প্রজাতন্ত্র বা কোন স্থানীয় কর্তৃপক্ষ বা জাতীয়করণকৃত প্রতিষ্ঠানের কর্মে নিয়োজিত কোন ব্যক্তি।

৩। বিদেশি নাগরিকের সহিত বিবাহে বাধানিষেধ।—(১) উপ-ধারা (২) এর অধীন অনুমতিপ্রাপ্ত না হইলে কোন গণকর্মচারী কোন বিদেশি নাগরিককে বিবাহ করিবেন না বা বিবাহ করিবার প্রতিশ্রুতি প্রদান করিবেন না।

(২) কোন গণকর্মচারী কোন বিদেশি নাগরিককে বিবাহ করিবার বা বিবাহ করিবার প্রতিশ্রুতি প্রদানের অনুমতি চাহিয়া আবেদন করিলে রাষ্ট্রপতি উক্ত আবেদন মঞ্জুর করিতে পারিবেন।

(৩) অন্য কোন আইনে বা চাকুরির শর্তাবলিতে যাহা কিছুই থাকুক না কেন, কোন গণকর্মচারী উপ-ধারা (১) এর বিধান লঙ্ঘন করিলে তাহাকে চাকুরি হইতে অপসারণ করা যাইবে।

৪। রহিতকরণ ও হেফাজত।—(১) The Public Servants (Marriage with Foreign Nationals) Ordinance, 1976 (Ordinance No. LVII of 1976), অতঃপর রহিত Ordinance বলিয়া উল্লিখিত, এতদ্বারা রহিত করা হইল।

(২) উপ-ধারা (১) এর অধীন রহিতকরণ সত্ত্বেও, রহিত Ordinance এর অধীন—

(ক) জারীকৃত কোন প্রজ্ঞাপন অথবা প্রদত্ত কোন আদেশ অথবা মঞ্জুরকৃত কোন অনুমতি অথবা কৃত কোন কাজ-কর্ম অথবা গৃহীত কোন ব্যবস্থা অথবা সূচিত কোন কার্যধারা, এই আইনের অধীন জারীকৃত, প্রদত্ত, মঞ্জুরকৃত, কৃত, গৃহীত বা সূচিত হইয়াছে বলিয়া গণ্য হইবে; এবং

(খ) গৃহীত কোন কার্যক্রম বা সূচিত কোন কার্যধারা অনিষ্পন্ন বা চলমান থাকিলে এমনভাবে নিষ্পন্ন করিতে হইবে যেন উহা এই আইনের অধীন গৃহীত বা সূচিত হইয়াছে।

মোঃ আশরাফুল মকবুল
সিনিয়র সচিব।